

জ্ঞানমূলক প্রশ্নঃ

- ১। 'পিপাসা' রচনাটি কোন পত্রিকায় ছাপা হয়?
- ২। রোকেয়া সাখাওয়াত হোসেন কত সালে মৃত্যুবরণ করেন?
- ৩। রোকেয়া প্রতিষ্ঠিত মহিলা সংগঠনের নাম কী?
- ৪। 'অবরোধবাসিনী' কার রচনা?
- ৫। 'বিংশ' শব্দের অর্থ কী?
- ৬। বেগম রোকেয়ার আন্দোলনের হাতিয়ার কী ছিল?
- ৭। 'প্রভূত' শব্দের অর্থ কী?
- ৮। 'পদ্মরাগ' কার রচনা?
- ৯। রোকেয়ার স্বামীর নাম কী ছিল?
- ১০। 'জলোচ্ছাস' গ্রন্থটি কার রচনা?
- ১১। বেগম রোকেয়া কার অনুপ্রেরণায় সাহিত্য রচনায় আগ্রহী হয়ে উঠে?
- ১২। রোকেয়ার বড় ভাইয়ের নাম কী?
- ১৩। বর্ণ পরিচয় কোন ধরনের বই?
- ১৪। রোকেয়ার প্রথম প্রকাশিত রচনাটির নাম কী?
- ১৫। সাহিত্যিক হিসেবে রোকেয়া সাখাওয়াত হোসেনের আত্মপ্রকাশ ঘটে কত সালে?
- ১৬। বেগম রোকেয়াকে ইংরেজি শিক্ষায় শিক্ষিত করেন কে?
- ১৭। বেগম রোকেয়া মতিচূর (২য় খন্ড) কাকে উৎসর্গ করেছেন?
- ১৮। বেগম রোকেয়ার প্রথম রচনা 'পিপাসা' কোন পত্রিকায় ছাপা হয়?
- ১৯। সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুলের প্রথমে ছাত্রী সংখ্যা কত ছিল?
- ২০। 'রোকেয়া সাখাওয়াত হোসেন' প্রবন্ধের লেখকের নাম কী?

অনুধাবনমূলক প্রশ্নঃ

- ১। 'আঞ্জুমানে খাওয়াতিনে ইসলাম' কী?
- ২। বেগম রোকেয়াকে নারী শিক্ষার অগ্রদূত বলা হয় কেন?

সৃজনশীল প্রশ্ন

শরীফা ও নীলা দুজনেই মানব সেবায় নিয়োজিত। শরীফা খুঁজে খুঁজে অসহায় মেয়েদের স্কুলে ভর্তি করিয়ে দেন। শত বাধা এলেও এ বিষয়ে তিনি আপোস করেন নি। অন্যদিকে নীলা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত অর্থ দিয়ে কয়েকটি সেবা প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। সেখানে নারী পুরুষ নির্বিশেষে সকল মানুষকে, রোগ, দুঃখ ও দারিদ্র্য থেকে মুক্তি দেওয়ার জন্য কাজ করেন।

- ক. বেগম রোকেয়া কার অনুপ্রেরণায় সাহিত্য রচনায় আগ্রহী হয়ে ওঠেন ?
- খ. বেগম রোকেয়ার সময়ে নারীর অবস্থা কেমন ছিল? বুঝিয়ে লেখ।
- গ. শরীফার কাজে বেগম রোকেয়ার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।
- ঘ. মানব সেবার ক্ষেত্রে নীলা ও বেগম রোকেয়ার ভূমিকার তুলনামূলক আলোচনা কর।